



চলচ্চিত্র ব্যবসার নামে ১৩ কোটি আত্মসাৎ, পূজা চেরির বাবা কারাগারে



চিত্রনায়িকা পূজা চেরি ও তার বাবা দেবু প্রসাদ রায়। ছবি : সংগৃহীত

চলচ্চিত্র নির্মাণের নাম করে প্রায় ১৩ কোটি টাকার বেশি অর্থ আত্মসাতের অভিযোগে চিত্রনায়িকা পূজা চেরির বাবা দেবু প্রসাদ রায়কে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত।

গত ১৮ এপ্রিল ক্যান্টনমেন্ট থানায় দায়ের হওয়া একটি মামলায় তাকে গ্রেফতারের পর আদালতে হাজির করা হলে বিচারক তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন। শনিবার বিষয়টি নিশ্চিত করেছেন আদালতের প্রসিকিউশন শাখা ও ক্যান্টনমেন্ট থানার ওসি রাকিবুল হাসান।

মামলার নথি অনুযায়ী, চলচ্চিত্র প্রযোজনার ব্যবসার কথা বলে ভুক্তভোগী মিজানুর রহমান এবং তার এক বন্ধুর কাছ থেকে প্রথমে ২০১৯ সালের ১৫ সেপ্টেম্বর দেবু প্রসাদ রায় ৫ কোটি ৫০ লাখ টাকা ধার নেন। পরে একই খাতে বিনিয়োগের কথা বলে স্ট্যান্ডার্ড ব্যাংকের মাধ্যমে আরও ৫০ লাখ টাকা এবং ২০২৪ সালের ১৫ মে তিনটি নন-জুডিশিয়াল স্ট্যাম্পের মাধ্যমে অতিরিক্ত ৬ কোটি টাকা গ্রহণ করেন তিনি।

এছাড়া বিকাশ, নগদ ও রকেটের বিভিন্ন নম্বর ব্যবহার করে পর্যায়ক্রমে আরও ১ কোটি ২০ লাখ টাকা লেনদেনের অভিযোগ রয়েছে। সর্বশেষ ২০২৬ সালের ৩০ মার্চ ভুক্তভোগীর কাছ থেকে বিকাশের মাধ্যমে ১০ হাজার ২০০ টাকাও নেওয়া হয় বলে মামলায় উল্লেখ করা হয়েছে।

ভুক্তভোগীর অভিযোগ, দীর্ঘ সময় পার হলেও নেওয়া অর্থ আর ফেরত দেওয়া হয়নি। টাকা চাইলে বিভিন্ন অজুহাত দেখানো হয় এবং পরে ছমকিও দেওয়া শুরু হয়। তার দাবি অনুযায়ী, প্রতারণার মাধ্যমে মোট ১৩ কোটি ২০ লাখ ১০ হাজার ২০০ টাকা আত্মসাৎ করা হয়েছে।